



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING NEWS BULLETIN

BENGALI / বাংলা

20 APRIL 2024

7:35—7:40 AM IST

---

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে রাজ্যের ৫ টি আসনে গতকাল প্রায় ৭১ শতাংশ ভোট পড়েছে। রাজ্যের কাজিরাঙ্গা, শোনিতপুর, লখিমপুর, ডিবুগড় এবং যোরহাট আসনের ভোটদাতারা তাদের ভোটাধিকার সাব্যস্ত করেছেন। ৫ টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করা ৩৫ জন প্রাথীর মধ্যে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, কামাখ্য প্রসাদ তাসা, রনজিৎ দত্ত, গৌরব গঙ্গে, লুরিনজ্যোতি গঙ্গে সহ চার জন মহিলা প্রাথী রয়েছেন। এদের মধ্যে তিনজন কাজিরাঙ্গা আসনে এবং একজন মহিলা প্রাথী শোনিতপুর আসনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। প্রবীণ নাগরিক এবং বিশেষভাবে সক্ষম ভোটদাতাদের মধ্যেও ভোটদানের উৎসাহ পরিলক্ষিত হয়েছে। কাজিরাঙ্গা লোকসভা আসনের অধীন গোলাঘাট জেলার বোকাখাত বিধানসভা আসনের ১৩৬ নম্বর কলাখোয়া প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রটি বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের দ্বারা পরিচালিত হয়েছে।

---

রাজ্য দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য ব্যাপক প্রচার অব্যাহত রয়েছে।

---

ভারতীয় জনতা পার্টির প্রবীণ নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডষ্টের হিমন্ত বিশ্ব শর্মা নির্বাচনী প্রচারে অংশ নিতে আজ করিমগঞ্জ আসছেন। মুখ্যমন্ত্রী ডষ্টের শর্মা আজ দুপুর ১২টায় পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের ইছাবিল মাঠে এবং দুপুর একটায় বদরপুর বিধানসভা কেন্দ্রের মালুয়ায় দলের প্রাথী কৃপানাথ মালার হয়ে জনসভায় যোগ দেবেন।

---

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল খানাপারার পশ্চিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে গৌহাটী লোকসভা আসনের প্রাথী বিজুলী কলিতা মেধির হয়ে প্রচার করেন। একইদিনে মুখ্যমন্ত্রী ওদালগুড়ি জেলার টংলা এবং নগাওয়ের ভোতাইগাঁও এ নির্বাচনী প্রচারে অংশ নেন। রাজ্য বড়ো, কার্বি, আদিবাসী ডিমাসা ও আলফার সঙ্গে শান্তি চুক্তি করার পর শান্তি ফিরে এসেছে বলে মুখ্যমন্ত্রী জানান। আসামে কেবল উন্নয়ন ও বিকাশের পরিবেশ গড়ে উঠেছে বলে উল্লেখ করে ড.শর্মা বিজেপি সরকারের বিভিন্ন সফলতার খতিয়ান তুলে ধরেন।

---

ধুবড়ী লোকসভা আসনে গতকাল বাসন্তীপুরে এ আই ইউ ডি এফের প্রাথী বদরুদ্দিন আজমলের হয়ে বিধায়ক নজরুল ইসলাম, প্রাক্তন বিধায়ক হাফিজ বসির কাশিমী নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন।। অন্যদিকে বদরুদ্দিন আজমল নগাও লোকসভা আসনের এ আই ইউ ডি এফ প্রাথী আমিনুল ইসলামের হয়ে ধিঁয়ে প্রচার করেন। এদিকে নগাও লোকসভা আসনের কংগ্রেস প্রাথী প্রদৃত বরদলৈ গতকাল নির্বাচনী প্রচার কার্যসূচীর মধ্যে অসুস্থ হয়ে পড়েন। নগাও লোকসভা আসনের লাহরিঘাটে মন্ত্রী পীযুষ হাজারিকা গতকাল চারটি জন সভায় অংশ নেন।

---

শিলচর লোকসভা আসনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের প্রাথী প্রতাস চন্দ্র সরকারের সর্বথনে গতকাল শিলচরে ক্ষুদ্রিাম মূর্তির পাদদেশে আয়োজিত নির্বাচনী জনসভায় দলের কেন্দ্রীয় কমিটির সদস্য চন্দ্রলেখা দাস বক্তব্য রাখেন। এছাড়াও সভায় দলের জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী, অধ্যাপক অজয় রায়, শিক্ষক সুব্রত চন্দ্র নাথ প্রমুখ বক্তব্য রাখেন।

---

করিমগঞ্জের জেলা নির্বাচন আধিকারীক জেলায় আগামী ২৬শে এপ্রিল লোকসভা নির্বাচন উপলক্ষ্যে ভোট কর্মী ও নিরাপত্তা কর্মীদের সুবিধার কথা বিবেচনা করে ভোটকেন্দ্রগুলিতে পেইড ক্যান্টিন সচল রাখার নির্দেশ দিয়েছেন। জেলা আয়ুক্ত বিদ্যালয় শিক্ষা আধিকারীক ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিজ শিক্ষা প্রতিষ্ঠান বা ভোট গ্রহণ কেন্দ্রে কর্তব্যরত সব ভোট কর্মী ও নিরাপত্তা কর্মীদের জন্য নগদ অর্থের বিনিময়ে উপযুক্ত আহারের ব্যবস্থা রাখতে নির্দেশ দিয়েছেন।

---

কাছাড়ের জেলা আযুক্ত রোহন কুমার বা এক বিজ্ঞপ্তিতে আগামী ২৬শে এপ্রিল লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের দিন এন আই এস্টের অধীনে কাছাড় জেলার সব সরকারী-বেসরকারী কার্যালয় , শিক্ষা প্রতিষ্ঠান , ব্যবসা-বাণিজিক প্রতিষ্ঠান , ব্যাঙ্ক , চা বাগান , কলকারখানা বন্ধ রাখার কথা ঘোষণা করেছেন । এই সবেতন ছূটী কাছাড় জেলার পঞ্জীকৃত সব ভোটারদের ক্ষেত্রে প্রযোজ্য হবে ।

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আযুক্ত যুবরাজ বড়ঠাকুর জানিয়েছেন যে নির্বাচন সংক্রান্ত সামগ্রীর বন্টন ও গ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আগামীকাল শিলচরের দীননাথ নবকিশোর বালিকা বিদ্যালয়ে একদিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে । প্রশিক্ষণটি সকাল ১০টায় শুরু হবে ।

---

করিমগঞ্জের খাদ্য ও সরবরাহ বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় এপ্রিল , মে ও জুন মাসের খাদ্য সুরক্ষা যোজনার কার্ডধারীদের জন্য কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে এই কেরোসিন শহর ও গ্রামাঞ্চলে কার্ড পিচু প্রতিমাসে নয়শ মিলি লিটার করে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

অসম বিদ্যুৎ বিতরন কোম্পানীর পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর পৌর এলাকায় আজ এইচ টি , এল টি সার্ভিস ওয়ার রোড ক্রসিং লাইনগুলিকে নিরাপত্তার কারনে উন্নিত করা হবে । এ জন্য আজ শিলচর পৌর এলাকার বিভিন্ন অঞ্চলে বিদ্যুৎ পরিষেবায় বিঘ্ন ঘটবে বলে জানানো হয়েছে ।

---

---